

## কেন্দ্রীয় বিক্রয়কর সম্পর্কিত ডিক্লারেশন ফর্ম বা সার্টিফিকেটগুলি এবং ওয়েবিল অনলাইনে পাবার মূল নির্দেশাবলী।

- ১। কর্পরেট ডিভিসন এবং ৪৪টি চার্জের নির্বাচিত ব্যবসায়ীগন বর্তমানে অনলাইনে কেন্দ্রীয় বিক্রয়কর সম্পর্কিত ডিক্লারেশন ফর্ম বা সার্টিফিকেটগুলি এবং ওয়েবিল পাবার সুবিধা পাচ্ছেন। ১/১/২০১০ থেকে উপরিলিখিত কার্যালয়গুলির আরও কিছু নির্বাচিত ব্যবসায়ী এই সুবিধা পাবেন। ঐ তারিখ থেকে আরও ৫টি চার্জের (যথা : বারুইপুর, বজবজ, বারাসাত, শিবপুর এবং শ্রীরামপুর) নির্বাচিত ব্যবসায়ীগনও অনলাইনের এই সুবিধা পাবেন।
- ২। প্রথম বার ডিক্লারেশন ফর্ম বা সার্টিফিকেট পাওয়ার আগে কেন্দ্রীয় বিক্রয়করের চালানে ৫০০ টাকা ব্যাঙ্কে জমা দিন। চালানের উপর স্পষ্ট করে লিখুন : "ফর্ম পাওয়ার জন্য ফি" বা "Fee for obtaining the Forms"। চালানের উপরে কোন সময়কালের উল্লেখ নিষ্পত্তিযোজন। সারা বছরের (জানুয়ারী থেকে ডিসেম্বর) জন্য একবারই ফি জমা দিতে হবে।
- ৩। ব্যাঙ্কে টাকা জমা দেবার পর চালানের এক কপি ১৪, বেলেঘাটা স্ট্রীট স্থিত কেন্দ্রীয় রিটার্ন রিসিভিং ইউনিটের কোন কাউন্টারে জমা দিয়ে রাসিদ নিতে হবে।
- ৪। Form- 2B -তে ডিক্লারেশন ফর্ম/ সার্টিফিকেট বা ওয়েবিলের জন্য দরখাস্ত  
বানিজ্যকর দপ্তরের ওয়েবসাইটের "Login for e-Application for CST Forms" লিঙ্কের মাধ্যমে করতে হবে। ব্যবসায়ী যে User-id এবং Password ব্যবহার করে রিটার্ন দেন, তাই ব্যবহার করবেন।
- ৫। যখন উপরোক্ত লিঙ্কের মাধ্যমে অনলাইন দরখাস্তের ফর্ম খোলার চেষ্টা করবেন, কম্প্যুটারে ব্যবসার নাম ও ঠিকানা দেখা যাবে। নাম ঠিকানাতে যদি ভুল থাকে, তাহলে অবশ্যই সহয়তা কেন্দ্রে (Help Desk) গিয়ে সংশোধন করে নেবেন।

- ৬। অনলাইন দরখাস্ত ১/৪/২০০৮ থেকে শুরু করে যে কোন সময়ের জন্য করা যাবে।
- ৭। দরখাস্তগুলি সময় অনুযায়ী পরপর করতে হবে। এটি মনে রাখা খুব দরকার।
- ৮। একই মাসের বা ত্রৈমাসিক সময়ের জন্য (যে ক্ষেত্রে যেমন প্রয়োজ্য) একবারই দরখাস্ত করা যাবে। দ্বিতীয়বার করা যাবে না। এ ব্যাপারেও সচেতন হওয়া দরকার।
- ৯। দ্রব্যের মূল্য অথবা অন্য রাজ্যের ব্যবসায়ীর রেজিষ্ট্রেশন নম্বরে কোন পরিবর্তন সন্তুষ্ট নয়। এগুলি লেখার সময় সতর্কতা নেয়া দরকার।
- ১০। প্রত্যেক অনলাইন দরখাস্ত অনুযায়ী ফর্ম পাওয়ার পর ঐ ফর্মের ব্যবহার-জনিত ফর্ম (Form- 2A) ওয়েবসাইটের মাধ্যমে জমা করতে হবে। নইলে তার পরের সময়ের জন্য আর অনলাইন দরখাস্ত করা যাবে না।
- ১১। প্রত্যেক ধরনের ফর্মের সম্পূর্ণ ব্যবহার (utilisation) দেখালেই নতুন করে ফর্মের দরখাস্ত করা যাবে।
- ১২। চার্জ থেকে কাগজে দরখাস্ত করে যে ফর্ম নেয়া হয়েছে, তার কোন ব্যবহার ইলেক্ট্রনিক ফর্ম Form- 2A-তে দেখাতে হবে না।
- ১৩। প্রয়োজনে "User Manual for e-Application for CST Forms" দেখে নিতে হবে।